# বাংলাদেশ কৃষি ব্যাংক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.krishibank.gov.bd

নং- বিকেবি/এইচআরএমডি/সেকশন-১/৯(৩)/২০২৪-২০২৫/৪৩৬৫ তারিখঃ ২০ মার্চ ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংকে ড্রাইভার পদে সরাসরি নিয়োগের নিমিত্ত প্যানেল প্রস্তুতির জন্য ব্যাংকের অধিক্ষেত্রের **(প্রশাসনিক বিভাগ রাজশাহী ও রংপুর ব্যতীত)** প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে online (http://bkb.teletalk.com.bd ওয়েবসাইটে) এ পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। online ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ড্রাইভার (গ্রেড-১৬) (৯,৩০০-২২,৪৯০/-) | ২৭ (সাতাশ) | (ক) স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি বা স্বীকৃত কোনো বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) গাড়ি চালনায় ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>(গ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স। |

**নিয়োগ সংক্রান্ত শর্তাবলিঃ**

০১. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে।
০২. সকল প্রার্থীর ক্ষেত্রে ০১/০৩/২০২৫ তারিখে বয়স ১৮(আঠারো) হতে ৩২(বত্রিশ) বছর হতে হবে এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
০৩. ড্রাইভিং লাইসেন্সঃ লাইট/মিডিয়াম/হেভী লাইসেন্সধারী প্রার্থীগণ আবেদন করার যোগ্য। হেভী লাইসেন্সধারী প্রার্থীগণের জন্য অতিরিক্ত সুবিধা প্রদান করা হবে না। মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স গ্রহণযোগ্য নয়।
০৪. এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।
০৫. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
০৬. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
০৭. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
০৮. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
০৯. আবেদনপত্র গ্রহণ ও পরীক্ষা ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময়ঃ ২৪/০৩/২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকা।
১০. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়ঃ ২৪/০৪/২০২৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকা।
১১. প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
১২. বর্ণিত পদে নিয়োগে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, ট্রাফিক রুলস ও মোটরযান সংক্রান্ত বিষয়ে ৭০ (সত্তর) নম্বরের লিখিত পরীক্ষা, ২০(বিশ) নম্বরের ব্যবহারিক পরীক্ষা এবং ১০(দশ) নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
১৩. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪. মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি দাখিল করতে হবেঃ
(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;
(খ) ০২(দুই) কপি পার্সপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত মূল/সাময়িক সনদপত্রের কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঙ) ড্রাইভিং লাইসেন্স এর কপি;
(চ) অভিজ্ঞতা সনদের কপি;
(ছ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(জ) সরকারি বা আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরতদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এনওসি/প্রত্যয়নপত্র;
(ঝ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।
১৫. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১৬. যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোনো প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৭. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।

১৮. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, যে কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/সংযোজন/ পরিবর্তন/পরিমার্জন এবং যে কোনো পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০. নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত অন্যান্য শর্ত ও অনলাইনে আবেদনের নিয়মাবলি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েবসাইট http://www.krishibank.gov.bd এ পাওয়া যাবে।

## অনলাইনে আবেদনের নিয়মাবলি

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://bkb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৪/০৩/২০২৫, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৪/০৪/২০২৫, বিকাল ৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং Teletalk এর কমিশন ও VAT বাবদ ১২(বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** BKB <space> USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BKB ABCDEF

Reply: Aplicant's Name, Tk--------- will be charged as aplication fee. Your PIN is 12345678. To Pay fee Type BKB <space>Yes <space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** BKB <space> Yes <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BKB YES 12345678

Reply: Congratulation Aplicant's Name, Payment completed succesfully for BKB Aplication for the post of xxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bkb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি পরীক্ষার তারিখ সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: BKB<space>Help<space>User<space>User ID & send 16222.
Example: BKB Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: BKB<space>Help<space>PIN<space>PIN No. & send 16222.
Example: BKB Help PIN 12345678 & send to 16222.

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিকেবি'র Website: www.krishibank.gov.bd-এ দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.krishibank.gov.bd ওয়েবসাইটে হতে জানা যাবে।

ঞ) Online-এ আবেদন করতে সমস্যা হলে টেলিটক নম্বর হতে ১২১-এ যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেসেজ এর Subject-এ Organization Name: BKB, Post Name:...., Aplicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট) ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০/০৩/২০২৫

মোঃ জাহিদ হোসেন
উপমহাব্যবস্থাপক

GD-734